চুয়াডাঙ্গা-১ আসনে বিএনপি প্রার্থীর মনোনয়ন ফরম উত্তোলন

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে চুয়াডাঙ্গা-১ আসনে বিএনপি মনোনীত প্রার্থী হিসেবে মনোনয়ন ফরম উত্তোলন করেছেন শরীফুজ্জামান শরীফ।

গতকাল রবিবার জেলা রিটার্নিং অফিসারের কার্যালয় থেকে তাঁর পক্ষে দলীয় নেতাকর্মীরা মনোনয়ন ফরম সংগ্রহ করেন।

রিটার্নিং অফিসারের কার্যালয় সূত্র জানায়, চুয়াডাঙ্গার দুটি আসনে এখন পর্যন্ত দুই জন প্রার্থী হিসেবে বিএনপির মনোনীত প্রার্থীর মনোনয়ন ফরম উত্তোলনের তথ্য নথিভুক্ত হয়েছে।

অতিরিক্ত জেলা নির্বাচন অফিসার মশিউর রহমান জানান, চুয়াডাঙ্গা-১ ও ২ আসনে এ পর্যন্ত বিএনপির প্রার্থী দু’জন মনোনয়ন ফরম উত্তোলন করেছেন। নির্ধারিত সময়ের মধ্যে অন্য প্রার্থীরাও ফরম সংগ্রহ করতে পারবেন বলে জানান তিনি।

গাংনীতে জাভেদ মাসুদ মিল্টনের পক্ষে মনোনয়ন ফরম উত্তোলন

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে মেহেরপুর-২ (গাংনী) আসনে মেহেরপুর জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টনের পক্ষে মনোনয়নপত্র উত্তোলন করা হয়েছে।

গত বৃহস্পতিবার বিকেলে গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা ও সহকারী রিটার্নিং অফিসার মো. আনোয়ার হোসেনের কার্যালয় থেকে এই মনোনয়নপত্র উত্তোলন করা হয়।

মনোনয়ন ফরম উত্তোলনকালে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা বিএনপি’র

সভাপতি আলফাজ উদ্দিন কালু, সাধারণ সম্পাদক আব্দুল আউয়াল, গাংনী পৌর বিএনপি’র সভাপতি মকবুল হোসেন মেঘলা, সাধারণ সম্পাদক সাইদুল ইসলাম ও সাংগঠনিক সম্পাদক অ্যাডাম সুমনসহ দলটির বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

উল্লেখ্য, ২০১৮ সালের জাতীয় সংসদ নির্বাচনে মেহেরপুর-২ আসনে বিএনপির দলীয় মনোনয়ন পেয়েছিলেন জাভেদ মাসুদ মিল্টন। তবে আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপি সাবেক সংসদ সদস্য ও জেলা বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক আমজাদ হোসেনকে দলীয় মনোনয়ন দিয়েছে। এরপর থেকেই আমজাদ হোসেনের মনোনয়ন বাতিলের দাবিতে গাংনী উপজেলা ও পৌর বিএনপি’র একাংশের পক্ষ থেকে ধারাবাহিক আন্দোলন কর্মসূচি পালন করা হচ্ছে।

মনোনয়ন ঘোষণার পর দুই পক্ষের মধ্যে একাধিক দফায় সংঘর্ষের ঘটনায় গাংনী উপজেলা শহর উত্তপ্ত হয়ে ওঠে। জাভেদ মাসুদ মিল্টনের সমর্থকেরা মশাল মিছিল, সড়ক অবরোধ ও টায়ার জ্বালানোসহ নানা বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে আসছেন।

অন্যদিকে, দলীয় মনোনয়ন পাওয়ার পর থেকেই আমজাদ হোসেনের অনুসারীরা নির্বাচনী মাঠে সক্রিয় রয়েছেন। বিএনপি ঘোষিত ৩১ দফা বাস্তবায়নের দাবিতে লিফলেট বিতরণসহ বিভিন্ন কর্মসূচিতে ব্যস্ত সময় পার করছেন ধানের শীষের প্রার্থী সাবেক এমপি আমজাদ হোসেন ও তার নেতাকর্মীরা।

এ সময় তার সঙ্গে উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু, জেলা কৃষক দলের সভাপতি মাহবুবুর রহমান, জেলা বিএনপির সাবেক সহসভাপতি মতিউর রহমান মতি মোল্লাসহ অন্যান্য নেতৃবৃন্দকে সক্রিয়ভাবে কাজ করতে দেখা যাচ্ছে।

মুজিবনগরে এসএসসি

পরীক্ষার্থীদের মাঝে ফরম পূরণের টাকা বিতরণ

মুজিবনগরে বিভিন্ন আর্থসামাজিক উন্নয়নের পাশাপাশি শিক্ষার প্রসারে দীর্ঘদিন ধরে কাজ করে যাচ্ছে গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি। প্রতিষ্ঠানটি প্রতিবছর স্পনসরকৃত শিক্ষার্থীদের মাঝে খাদ্যসহ শিক্ষা সহায়ক বিভিন্ন সামগ্রী বিতরণ করে আসছে।

তারই ধারাবাহিকতায়, গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি-এর উদ্যোগে ২০২৫ সালের এসএসসি পরীক্ষার্থীদের মাঝে ফরম পূরণের টাকা ও অন্যান্য শিক্ষা উপকরণ বিতরণ করা হয়েছে।

বুধবার সকাল ১১টায় মেহেরপুর সিডিপি-র বল্লভপুর প্রজেক্ট অফিসের হল রুমে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি-র ম্যানেজার বিপুল রেমার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মণ্ডল।

এছাড়াও উপস্থিত ছিলেন সিডিসি সভাপতি জহিরুল ইসলাম মাস্টার,মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক প্রিন্স ও সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান।

গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপির উদ্যোগে ২০২৫ সালের এসএসসি পরীক্ষার জন্য ১৭ জন স্পনসর শিক্ষার্থীকে প্রতিজন ২ হাজার টাকা করে ফরম পূরণের জন্য প্রদান করা হয়। পাশাপাশি পরীক্ষার কাজে প্রয়োজনীয় ফাইল, রাবার, কলম, স্কেল, শার্পনারসহ বিভিন্ন শিক্ষা উপকরণও বিতরণ করা হয়।

এছাড়াও গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি-এর স্পনসর ১,১৬৫ জন শিশু শিক্ষার্থীর মাঝে ৬টি খাতা ও ৬টি কলম বিতরণেরও উদ্বোধন করা হয়।